

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date : 21-09-2025

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

Mahalaya :

আজ মহালয়া। মহালয়ার মধ্যে দিয়ে শারদীয়া দুর্গোৎসবের আগমনীর বার্তা বয়ে আসে। মহালয়ায় পিতৃপক্ষের শেষে মাতৃপক্ষের এই তিথিতে পিতৃপুরুষদের স্মরণে তর্পন ও জলদান করা অন্যতম এক রীতি। এই উপলক্ষে আজ ভোর থেকে আগরতলার লক্ষ্মীনারায়ন বাড়ি দিঘি, জগন্নাথ দিঘি সহ বিভিন্ন জলাশয়ে পূন্যার্থীদের প্রচুর সমাগম লক্ষ্য করা গেছে।

বিভিন্ন সাংস্কৃতিক সংস্থার উদ্যোগে আগমনী অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

আকাশবাণী আগরতলা, আকাশবাণী বিলোনিয়া ও আকাশবাণী কৈলাশহর কেন্দ্র থেকে আজ ভোরে চিরাচরিত প্রথা অনুযায়ী বিশেষ প্রভাতী অনুষ্ঠানে বাণী কুমার রচিত ও বীরেন্দ্র কৃষ্ণ ভদ্রের ভাষে মহিষাসুরমর্দিনী গীতি আলেখ্য প্রচারিত হয়। ভোর বেলা থেকে আগরতলা শহরের রাজপথগুলোতে বহু লোকের ভিড় দেখা গেছে।

CM-BLOOD DONATION :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, সব সম্প্রদায়, সব অংশের মানুষকে সঙ্গে নিয়ে উন্নয়নের যে ধারা অব্যাহত রেখেছেন প্রধানমন্ত্রী, রাজ্য সরকারও সেই লক্ষ্যে কাজ করছে। প্রধানমন্ত্রীর জন্মদিন উপলক্ষে সেবা পক্ষের অঙ্গ হিসেবে প্রদেশ বিজেপি ওবিসি মোর্চার উদ্যোগে গতকাল আগরতলা প্রেসক্লাবে রক্তদান শিবিরের উদ্বোধন করে একথা বলেন তিনি। মুখ্যমন্ত্রী আরও বলেন, সরকার প্রয়োজনের ভিত্তিতে স্বচ্ছতার সঙ্গে মানুষের উন্নয়নে কাজ করছে। মন কি বাত অনুষ্ঠানের মধ্য দিয়ে প্রধানমন্ত্রী মানুষের কথা শুনেন। তিনি বলেন, সবকা সাথ সবকা বিকাশ এই মন্ত্রে বিশ্বাসী সরকারের প্রতি মানুষের আস্থা ভরসা রয়েছে। রাজ্যের ৪০ শতাংশ ওবিসি সম্প্রদায় ভুক্ত মানুষ রয়েছেন। তাদের সমস্যা সমাধানে সরকার যথাসাধ্য চেষ্টা করছে। অনুষ্ঠানে বক্তব্য রাখেন ওবিসি কল্যাণ দপ্তরের মন্ত্রী সান্তনা চাকমা, ওবিসি মোর্চার রাজ্য সভানেত্রী মলিনা দেবনাথ।

India must become self-reliant-PM Modi :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, বিদেশী দেশগুলির উপর নির্ভরশীলতা এখনও পর্যন্ত ভারতের আত্মনির্ভরতার পথে সবচেয়ে বড় প্রতিবন্ধকতা। তিনি বলেন, দেশের সামনে এখন সময় এসেছে ২০৪৭ সালের মধ্যে একটি উন্নত ভারতের স্বপ্নপূরনে বিশ্বে একটি স্বনির্ভর জাতি হিসেবে উঠে দাঁড়ানোর। প্রধানমন্ত্রী গতকাল গুজরাটের ভাবনগরে 'সমুদ্র সে সমৃদ্ধি' অনুষ্ঠানে বক্তব্য রাখছিলেন। ভারতকে একটি সামুদ্রিক সুপারপাওয়ার বানানোর জন্য তার সরকারের পরিকল্পনার কথা উল্লেখ করে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেন, দেশ ২০৪৭ সালের মধ্যে বৈশ্বিক সামুদ্রিক বাণিজ্যে তার অংশীদারি তিনগুন পর্যন্ত

বৃদ্ধি করবে। তিনি বলেন, বৈশ্বিক শান্তি, স্থিতিশীলতা এবং সমৃদ্ধির জন্য, বিশ্বের সবচেয়ে জনবহুল এই দেশটিকে সবদিক দিয়ে স্বনির্ভর হতে হবে।

Byte-PM

উল্লেখ্য, সামুদ্রিক ক্ষেত্রে সুদূরপ্রসারী ভাবনায় প্রধানমন্ত্রী ৩৪,২০০ কোটি টাকারও বেশি মূল্যের সামুদ্রিক ক্ষেত্রে যুক্ত একাধিক উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।

Biplab Deb :

সাংসদ ও প্রাক্তন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব গতকাল আগরতলার ধলেশ্বরে বিজেপি'র এক জনসভায় বলেছেন, রাজ্যের মানুষের আবেগ অনুভূতিকে সন্মান জানিয়ে মাতা ত্রিপুরাসুন্দরী মন্দির উদ্বোধনে আসছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। তিনি বলেন, প্রধানমন্ত্রী রাজনীতিতে নিজের অস্তিত্ব বজায় রাখতে রাজনীতি করেন না। মানুষের স্বার্থে রাজনীতি করেন। সাংসদ শ্রী দেব বলেন, রাজ্যে মানুষের কল্যাণে বিজেপি সাড়ে সাত বছর ধরে কাজ করে যাচ্ছে। জনসভায় বিজেপি প্রদেশ সভাপতি সাংসদ রাজীব ভট্টাচার্য বক্তব্য রাখেন।

GST Tax reduction :

কর কাঠামো সহজতর করা এবং নাগরিকদের আর্থিক চাপ কমানোর লক্ষ্যে গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই বছর স্বাধীনতা দিবসে লালকেল্লা থেকে ভাষণে, পরবর্তী প্রজন্মের GST সংস্কারের ঘোষণা দেন। এ ঘোষণা অনুযায়ী নতুন করের হার, আগামীকাল সোমবার থেকে কার্যকর হবে।

এর ফলে জীবনদায়ী বিভিন্ন অসুখ, বৈদ্যুতিন সামগ্রী, বিভিন্ন খাদ্য বস্তুসহ, নিত্য প্রয়োজনীয় আরও বহু পণ্যের দাম কমবে।

BJP workshop on Atmanirbhar Bharat :

আগরতলায় প্রদেশ বিজেপি কার্যালয়ে গতকাল আত্মনির্ভর ভারত সংকল্প অভিযানের অঙ্গ হিসেবে প্রদেশ কর্মশালা অনুষ্ঠিত হয়। প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্য, মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, বিজেপির আসাম ও ত্রিপুরার সংগঠন মহামন্ত্রী জি আর রবীন্দ্র রাজু সহ অন্যান্য কার্যকর্তারা কর্মশালায় উপস্থিত ছিলেন। দলের রাজ্য সভাপতি রাজীব ভট্টাচার্য্য বলেন আগামী ২৫শে সেপ্টেম্বর পন্ডিত দীনদয়াল উপাধ্যায়ের জন্মজয়ন্তী থেকে ২৫শে ডিসেম্বর ভারতরত্ন অটল বিহারী বাজপেয়ীর জন্মদিন পর্যন্ত 'হর ঘর স্বদেশী-ঘর ঘর স্বদেশী' অভিযান চলবে। প্রতি ঘরে স্বদেশী বস্তু ব্যবহার করে দেশকে আত্মনির্ভর করে তোলাই এই অভিযানের মূল উদ্দেশ্য বলে জানান তিনি।

Weather :

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ সাধারণত মেঘলা থাকবে। বজ্র বিদ্যুৎসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি হতে পারে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭.৬ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৪ ডিগ্রির কাছাকাছি।
